

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)

১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৯ অক্টোবর, ২০২২খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৯/১০/২০২২ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরিচালক জনাব ড. সহদেব চন্দ্র সাহা (উপসচিব) এর নেতৃত্বে "বনলতা কীচাবাজার" নিউমার্কেট ঢাকাতে সমন্বিত মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতেই জিয়া এন্টারপ্রাইজ নামের মাংসের দোকানে স্টিলের গামলায় ও ওয়ান টাইম কাপে লাল রংয়ের ঘন পানি দেখে চ্যালেঞ্জ করেন কর্মকর্তারা। প্রথমে দোকান মালিক জিয়া উদ্দিন গরুর রক্ত বলে দাবি করলেও পরবর্তীতে তিনি স্বীকার করেন এটি আর্টিফিশিয়াল কালার। এছাড়াও মাংসের চালানপত্রও দেখাতে পারেননি বিক্রেতা। পরবর্তীতে মাছের দোকান গুলোতে মাছ যাচাই করতঃ পঁচা বা খাবার অনুপযোগী মাছ জব্দ ও পরবর্তীতে ধ্বংস করা হয়। বেনামী একটি মাছের দোকানে চালান বিহীন কিছু মাছ পাওয়া যায় একই সঙ্গে রান্না করা খাবার কীচা মাছের সাথে রাখতে দেখা যায়। এ সকল অপরাধে উক্ত প্রতিষ্ঠান সমূহকে যথাক্রমে ১,০০,০০০/- টাকা করে মোট ২,০০,০০০/- টাকা অর্থদন্ড প্রদান করা হয় এবং অর্থদন্ডের সমূদয় টাকা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযান শেষে মাছ-মাংসসহ অন্যান্য খাদ্য ব্যবসায়ীদের উদ্দেশ্যে খাদ্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষন ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সঠিক নিয়ম অনুসরণের নির্দেশনা দেয়া হয় ও লিফলেট বিতরণ করা হয়।

অভিযানকালে জেলা মৎস্য কর্মকর্তা জনাব মোস্তফা কামাল; জনাব সুব্রত কুমার দাস (অতিরিক্ত উপ-পরিচালক), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; জনাব প্রসেনজিৎ সিকদার (গবেষণা কর্মকর্তা), ফুড প্ল্যানিং এন্ড মনিটরিং ইউনিট; মৎস্য অধিদপ্তর, প্রাথমিক নিরাপদ অধিদপ্তরের ১ জন প্রতিনিধি এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাহবুব হাসান; মনিটরিং অফিসার জনাব মোহাম্মদ ইমরান হোসেন মোল্লা ও জনাব মোঃ আমিনুল ইসলাম; নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব ছানোয়ার হোসেন ও জনাব মোহাঃ কামরুল হাসান; বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্টিং স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

বিতরণঃ

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অফিস কপি।